

MODEL QUESTION

Class-IX : SCIENCE (BIOLOGY) : Annual Exam. : 2022-23 : Marks - 28

I. সঠিক উত্তরটি নির্বাচন করো :-

1x5=5

- দ্বিপদ নামাকরণের জনক হলেন –
(ক) লিনিয়াস (খ) হুইটেকার (গ) হেকেল (ঘ) চার্লস ডারউইন
- কোন উদ্ভিদরাজ্যে কান্ডের ন্যায় কলিড ও পাতার ন্যায় ফাইলিড বর্তমান ?
(ক) টেরিডোফাইটা (খ) ছত্রাক (গ) ব্রায়োফাইটা (ঘ) শৈবাল
- কাদের রেচন অঙ্গ ফ্লেমকোশ –
(ক) টিনোফোরা (খ) অ্যানিলিডা (গ) প্ল্যাটিহেলমিনথিস (ঘ) নিমাটহেলমিনথিস
- নীচের কোন্টি মশকী বাহিত রোগ নয় –
(ক) ম্যালেরিয়া (খ) ডেঙ্গু (গ) ফাইলেরিয়া (ঘ) নিউমোনিয়া
- টিকাকরণের ফলে কোন্ রোগ পৃথিবী থেকে মুছে গেছে ?
(ক) পোলিও (খ) গুটিবসন্ত (গ) হেপাটাইটিস (ঘ) হাম

II. নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :-

1x7=7

- কোন প্রাণীর হৃদপিণ্ড দুই প্রকোষ্ঠ বিশিষ্ট ?
- ছত্রাকের কোশপ্রাচীরের মুখ্য উপাদান কি ?
- ‘জলসংবহনতন্ত্র’ কোন্ পর্বের প্রাণীদের বৈশিষ্ট্য ?
- দুইটি ‘পয়কিলোথারমিক’ বা ‘শীতল শোণিত’ যুক্ত প্রাণীর উদাহরণ দাও ।
- অ্যান্টিবায়োটিক কোন্ জীবাণুর বিরুদ্ধে কার্যকর নয় ?
- BCG এর পুরো নাম লেখো ।
- একটি ব্যাকটেরিয়া ও একটি কুমিঘটিত রোগের উদাহরণ দাও ।

III. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও :-

2x4=8

- শিশুরা বয়স্কদের তুলনায় দ্রুত রোগাক্রান্ত হয় কেন উল্লেখ করো ।
- স্বল্পস্থায়ী রোগ (Acute disease) এবং দীর্ঘস্থায়ী রোগ (chronic disease) বলতে কি বুঝ ?
- উভচর প্রাণীদের চারটি বৈশিষ্ট্য লেখো ।
- স্তুস্ত মেলাও :-
কোয়ানোসাইট কোশ বৃহমাছ
বুকলাং কাঁকড়া বিছে
কোষপ্লেট স্পঞ্জিলা
বদ্বসংবহন টিনোফোরা

IV. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর লেখো :-

4x2=8

- “সকল মেরুদণ্ডীই কর্ডাটা, কিন্তু সকল কর্ডাটা মেরুদণ্ডী নয়” - বক্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো ।
কর্ডাটা ও ননকর্ডাটার মধ্যে পার্থক্য লেখো ।
- AIDS রোগের কারণ, লক্ষণ ও প্রতিকার সম্বন্ধে লেখো ।

অথবা

সংক্রামক রোগগুলো কী কী উপায়ে ছড়িয়ে পড়ে ? তোমাদের বিদ্যালয়ে সংক্রামক রোগের প্রাদুর্ভাব হ্রাসে কী কী সতর্কতা অবলম্বন করতে পারো ?